

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
পর্যটন-৩ শাখা
www.mocat.gov.bd

স্মারক নং-৩০.০০.০০০০.০২৫.২৭.০০১.১৯-৮২৬

তারিখঃ ২৬ বৈশাখ, ১৪৩০ বঃ
৯ মে, ২০২৩খ্রি.


বাতিল আদেশ

যেহেতু জনাব সৈয়দ আনোয়ার হোসেন, স্বত্বাধিকারী, ক্লাসিক ওভারসীজ, সাগরিকা কমপ্লেক্স-বি, সুইট নং-৪, ৪৬ মিরপুর রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫ এর অনুকূলে ৩০ আগস্ট ২০১৭ থেকে ২৯ আগস্ট ২০২০ মেয়াদে নিবন্ধন সনদ নং-০০০৭৭০১ ইস্যু করা হয়। উক্ত সনদের মেয়াদ গত ২৯/০৮/২০২০ তারিখে উত্তীর্ণ হয়।

২। বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ এর ৫(১) বিধি অনুসারে নিবন্ধন সনদ এর মেয়াদ শেষ হওয়ার অনূন ৬০ (ষাট) দিন পূর্বে নিবন্ধন সনদ নবায়নের জন্য আবেদন দাখিল করতে হবে। এছাড়াও বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ এর ৫(২) বিধি অনুসারে ৫(১) বিধিতে উল্লিখিত সময়সীমার পরবর্তী ০৬ (ছয়) মাসের মধ্যে সরকার কর্তৃক স্থিরকৃত জরিমানা প্রদান সাপেক্ষে নিবন্ধন সনদ নবায়নের আবেদন করতে পারবেন। কিন্তু আপনি তা করতে ব্যর্থ হয়েছেন।

৩। বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ৯(১)(ঘ) ধারা এবং বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ এর ৫(১) ও ৫(২) বিধি অনুসারে নির্ধারিত সময়ের মধ্যে নিবন্ধন সনদ নবায়নের আবেদন করতে ব্যর্থ হওয়ায় উক্ত আইন ও বিধিমালার বিধান অনুযায়ী ক্লাসিক ওভারসীজ (সনদ নং-০০০৭৭০১) এর নিবন্ধন সনদ বাতিল করা হলো।

৪। এমতাবস্থায়, আগামী ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে এ মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত নিবন্ধন ও নিবন্ধন নবায়ন সনদসমূহ ফেরত প্রদানের জন্য অনুরোধ করা হলো।


নূরিসিয়া কমল
যুগ্মসচিব

ফোন: ০২-৯৫১২২৬৪

ই-মেইল: jstourism@moccat.gov.bd

জনাব সৈয়দ আনোয়ার হোসেন

স্বত্বাধিকারী

ক্লাসিক ওভারসীজ

সাগরিকা কমপ্লেক্স-বি, সুইট নং-৪, ৪৬ মিরপুর রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ)

স্মারক নং-৩০.০০.০০০০.০১১.৩১.০১৪.২০১৬-

তারিখঃ ২৬ বৈশাখ, ১৪৩০ বঃ
৯ মে, ২০২৩খ্রি.

- ১। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা।
- ৫। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।

- ৬। জেলা প্রশাসক, ঢাকা (বাতিলকৃত রেজিস্ট্রেশন সার্টিফিকেট দ্বারা যাতে অবৈধভাবে ট্রাভেল এজেন্সির ব্যবসা পরিচালনা করতে না পারে সে বিষয়ে আইনানুগ কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
- ৭। সচিবের একান্ত সচিব, এ মন্ত্রণালয়।
- ৮। কর কর্মকর্তা, কর অঞ্চল-০২, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
- ৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, পল্টন থানা, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
- ১০। মহাসচিব, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ (আটাব), সাতারা সেন্টার (১৬ তলা), ৩০/এ, নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা।
- ১১। ব্যবস্থাপক, ইন্টারন্যাশনাল রিলেশনশিপ, আইএটিএ, বাংলাদেশ, হোসনা সেন্টার (৩য় তলা), সুট-১২০, ১০৬, গুলশান এভিনিউ, ব্লক-এসই(সি), গুলশান, ঢাকা।
- ১২। অতিরিক্ত সচিব (প্রশাসন, পর্যটন ও পরিকল্পনা)/যুগ্ম-সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, এ মন্ত্রণালয়

নূসিয়া কমল
যুগ্মসচিব